

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির দায়িত্বে ডিসি ইউএনও

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে যেসব কলেজে সংসদ সদস্য অথবা তার মনোনীত প্রতিনিধিগণ গভর্নিং বডি/এডহুক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য হিসেবে দায়িত্বরত আছেন সে সকল কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয় (অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি) সংশোধন সংবিধি ১৯৯৮-এর ৬ ধারা যতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাইসি-চ্যাপেলরের অমতাবে সভাপতি হিসেবে জেলা পর্যায়ের কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।

প্রযোজ্য ক্ষেত্রে সভাপতির প্রতিষ্ঠাত্রে বিদ্যোৎসাহী সদস্য পরিবর্তনের আবেদন জমা হলে নতুন করে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন দেয়ার বিষয়ে বিবেচনা করা হবে। এমতাবস্থায় অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান কলেজসমূহের অধ্যক্ষগণকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো। এ সিদ্ধান্ত তাৎক্ষণিক কার্যকর হবে বলে গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।